

Bengali

## Video – ASB v2

1) আমরা সমাজবিরোধী আচরণ, উৎপাত এবং হয়রানি নিয়ে কাজ করছি যাতে বাসিন্দারা একটি নিরাপদ পরিবেশে বাস করতে পারেন। হ্যাসবেট হচ্ছে আমাদের গৃহায়ন সমাজ বিরোধী আচরণ ও প্রয়োগকারী দল। এই টিম খারাপ আচরণ ও হয়রানির শিকারদের সহায়তা করে এবং সেই সকল ব্যক্তির বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণ করে, যারা তাদের প্রতিবেশীর জন্য সমস্যা সৃষ্টি করে।

2) সমাজ বিরোধী আচরণের মধ্যে হুমকির আচরণ, আপনার প্রতিবেশীর নিকট থেকে অভিযোগ, উচ্চস্বরে গান বাজানো এবং বাগান অবিন্যস্ত অন্তর্ভুক্ত। যদি আপনি সমাজ বিরোধী আচরণ সম্পর্কে উদ্বেগ হন, তবে অনুগ্রহপূর্বক পরামর্শের জন্য টিমের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সাহায্য করতে সক্ষম হতে পারি।

3) যদি আপনি সমাজ বিরোধী আচরণের ব্যাপারে অভিযোগ করেন তবে কী ঘটতে পারে? প্রথমে আপনার স্থানীয় কমিউনিটি হাউজিং অফিস আপনার সমস্যার দিকে নজর দেবেন। যদি ঘটনাটি গুরুতর হয় তবে আপনার স্থানীয় কমিউনিটি হাউজিং অফিস তখন মামলাটি হ্যাসবেট-এ পাঠিয়ে দেবেন।

4) সমাজ বিরোধী আচরণ কতটুকু গুরুতর এর উপর ভিত্তি করে আমরা আপনার মামলাটি তদন্ত করতে শুরু করবো। এটা হয়তো পরবর্তী কার্যদিবস, পাঁচটি কার্যদিবস কিংবা দশটি কার্যদিবসের মধ্যে হবে।

5) আমরা কীভাবে আপনার অভিযোগ নিয়ে কাজ করছি তা জানানোর জন্য আমরা নিয়মিত ভাবে আপনার সাথে যোগাযোগ করবো। আমরা আপনার মামলার গোপনীয়তা বজায় রাখবো এবং সমাজ বিরোধী আচরণের ব্যাপারে অন্যান্য সংস্থার সাথে কাজ করবো।

6) ঘটনার শিকারদের সহায়তার জন্য আমাদের একজন ভিকটিম সাপোর্ট অফিসারও রয়েছেন। সাপোর্ট অফিসার সমাজ বিরোধী আচরণ তদন্তকালে এবং তদন্ত শেষ হওয়ার পর লোকজনকে সহায়তা করেন।

7) যদি আপনি আদালতে প্রমাণ দিতে না চান, তবে আমরা অন্যান্য লোকের নিকট থেকে প্রাপ্ত প্রমাণ ব্যবহারের চেষ্টা করবো, যেমন- হাউজিং অফিসার এবং স্ট্রিট ওয়ার্ডেনগণ। যদি আপনি আদালতে একজন স্বাক্ষী হতে চান, তবে আমরা বিচারের পূর্বে, সময়ে এবং পরে আপনাকে সহায়তা করবো।

8) তাহলে আপনি কীভাবে সমাজ বিরোধী আচরণের খবর জানাবেন? আমাদের কমিউনিটি হাউজিং অফিসসমূহ কিংবা নিউক্যাসল সিটি কাউন্সিলের গ্রাহক সেবা কেন্দ্রসমূহের যে কোন একটিতে যান এবং অফিস চলাকালে আপনি হ্যাসবেট-এ সরাসরি ফোন করতে পারেন।